যুগান্তর

তারিখ 27 MAY 2008
পৃষ্ঠা 2 কলাম ৪

# শিক্ষা সচিবসহ ১১ জনকে কারণ দর্শাও নোটিশ

বেসরকারি স্বীকৃতিপ্রাপ্ত কলেজগুলো থেকে 'সাচিবিক বিদ্যা ও অফিস ব্যবস্থাপনা' বিষয়টি প্রত্যাহারের সিদ্ধান্ত কেন অবৈধ ও বেআইনি ঘোষণা করা হবে না— এ মর্মে চার সপ্তাহের মধ্যে কারণ দর্শাতে বলেছেন হাইকোর্ট। সোমবার সুপ্রিমকোর্টের হাইকোর্ট বিভাগের বিচারপতি সৈয়দ মাহমুদ হোসেন ও বিচারপতি ফরিদ আহম্মদ সমন্বয়ে গঠিত-বেঞ্চ এ ব্যাপারে রুলনিশি জারি করেন। শিক্ষা সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরের (মাউশি) মহাপরিচালক, জাতীয় পাঠ্যক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের (এনসিটিবি) মহাপরিচালকসহ ৮ শিক্ষা বোর্ডের চেয়ারম্যানকে কারণ দর্শাতে বলা হয়েছে।